

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ১৩, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

বিধি অধিশাখা

www.cabinet.gov.bd

প্রজ্ঞাপন

তারিখ : ২৮ পৌষ, ১৪২৬/১২ জানুয়ারি, ২০২০

নম্বর: ০৪.০০.০০০০.৪২৩.২২.০০২.১৩.৭—সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, বাংলাদেশের অকৃত্রিম বন্ধু ও মানের সুলতান কাবুস বিন সাইদ আল সাইদের ইত্তেকালে আগামী ১৩ জানুয়ারি ২০২০ সোমবার বাংলাদেশে রাষ্ট্রীয়ভাবে ০১ (এক) দিনের শোক পালন করা হবে।

২। এ উপলক্ষে আগামীকাল ১৩ জানুয়ারি ২০২০ সোমবার বাংলাদেশের সকল সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং শিক্ষা প্রতিষ্ঠানসহ সকল সরকারি ও বেসরকারি ভবন এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।

৩। সুলতান কাবুস বিন সাইদ আল সাইদের রুহের মাগফেরাতের জন্য আগামীকাল ১৩ জানুয়ারি ২০২০ সোমবার বাংলাদেশের সকল মসজিদে বিশেষ দোয়া অনুষ্ঠিত হবে। অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে তাঁর আত্মার শান্তির জন্য বিশেষ প্রার্থনার আয়োজন করা হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ সাইদুর রহমান

উপসচিব

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১০৯৯)

মূল্য : টাকা ৪.০০